চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ ডিসেম্বর ২০২১ খ্রি.

বর্জ্য ব্যবস্থাপনায় পাইলট প্রকল্প উদ্বোধনে মেয়র
পরীক্ষামূলক পাইলট প্রকল্প বাস্তবায়ন হলে
বর্জ্য ব্যবস্থাপনায় শৃঙ্খলা আসবে

নগরীর বর্তমান প্রেক্ষাপটে বর্জ্য ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফিরিয়ে আনার লক্ষ্যে পশ্চিম ষোলশহর ওয়ার্ডের নবী নগরে পাইলট প্রকল্পের উদ্বোধন করতে গিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নবী নগর এলাকায় ৮০টি বাড়িকে ঘিরে চসিক যে পাইলট প্রকল্প হাতে নিয়েছে তা বর্জ্য ব্যবস্থাপনায় নতুন একটি মাত্রা যোগ হলো। এই প্রকল্পে প্রতিটি বাড়িকে একই রঙ্গে সাজিয়ে প্রতিটি গলি ও বাড়ির সামনে ময়লা ফেলার জন্য বিন বসানো হয়েছে। সেই সাথে জনসচেতনতা ও পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে উদ্‌বুদ্ধকরণের জন্য দেয়ালে চিকা ও আলপনা আঁকা হয়েছে। জনগণ সচেতন হলে এই পাইলট প্রকল্প সফল হবে। পরীক্ষামূলকভাবে গৃহিত এই পাইলট প্রকল্প সফল হলে তা অনুসরণ করে নগরীর ৪১টি ওয়ার্ডে কাউন্সিলরদের মাধ্যমে পরবর্তীতে বাস্তবায়ন করা হবে।
তিনি বলেন, প্রকল্পটি বাস্তবায়িত হলে যেখানে সেখানে ময়লা ফেলার প্রবণতাও বন্ধ হবে। পাশাপাশি বাসা-বাড়ি থেকে সংগ্রহকৃত বর্জ্যরে একটি অংশকে ডাম্পিং করার আগে উৎপাদনশীল খাত হিসেবে চিহ্নিত করে ডাম্পিং এর পর রিসাইকেলিং করে বাকী বর্জ্যকে সম্পদে পরিণত করা হবে।
আজ বুধবার সকালে নগরীর পশ্চিম ষোলশহরস্থ নবীনগর এলাকায় ইপসা ও সেভ দ্য চিল্‌ড্রেন উদ্যোগে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক পাইলট প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।
চসিক বর্জ্য স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর মোবারক আলী'র সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, নূর মোস্তফা টিনু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভীন জেসি, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী, ইপসার উপ-পরিচালক নাছিম বানু, সেভ দ্য চিল্ডেন'র ম্যানেজার সাইমুন রহমান, নবী নগর উন্নয়ন কমিটির সভাপতি ইলিয়াছ মিয়া তালুকদার, সাধারণ সম্পাদক এস.এম সেলিম প্রমুখ।
মেয়র আরো বলেন, পলিথিন সভ্যতার অভিশাপ। কর্ণফুলীতে পলিথিন জমাট ও ভারী আবরণের কারণে ড্রেজিং করা সম্ভব হচ্ছে না। শহরের নালা-নর্দমা, খাল ও নদী পলিথিনের স্তুপের কারণে জলাবদ্ধতা বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তিনি মশার উপদ্রবে নগরবাসীর অতিষ্ঠতা ও অসহনীয় দূর্দশা সম্পর্কে দুঃখপ্রকাশ করে বলেন, মশা প্রজননের উৎস হলো জমাট পানি ও ময়লা আবর্জনার ভাগার। এই সব বার বার পরিস্কার করার পরও আবার আবর্জনার ভাগার তৈরী হয়। এই সবের জন্য অসচেতন নাগরিকরাই দায়ী। তাই নগরবাসীকে সচেতনতার সাথে নগর পরিস্কার রাখার দায়িত্ব নেয়ার আহŸান জানান।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারীপণ্য উৎপাদন ও
বাজারজাত করায় পাহাড়তলী বেকারীকে ৫০হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে পলিথিন মুক্ত বাজার ও পরিবেশ বান্ধব নগরী গড়ার লক্ষ্যে কর্ণফুলী মার্কেট ও কাজীর দেউরী কাঁচা বাজারে পরিচালিত অভিযানে কর্ণফুলী মার্কেটের নুর ট্রেডার্স, কাজীর দেউরী বাজারে মেসার্স জীবন গ্রোসারী ও ফলের দোকানে পলিথিন ব্যাগ পাওয়ায় তিন দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৮হাজার টাকা জরিমানা করা হয় এবং পলিথিন ব্যবহার না করার জন্য বাজারের ব্যবসায়ীদেরকে নির্দেশনা প্রদান করা হয়। অপর এক অভিযানে পাহাড়তলী বাজার এলাকায় অ¯^াস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারীপণ্য উৎপাদন ও বাজারজাত করার অপরাধে পাহাড়তলী বেকারীর বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫০হাজার টাকা জরিমানা করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

মুক্তিযুদ্ধের বিজয় মেলার পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র
চট্টগ্রাম সর্বকালের সর্বক্ষেত্রে
অগ্রণী ভূমিকা পালন করেছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম সর্বকালে সর্বক্ষেত্রে অগ্রণী। বৃটিশ বিরোধী খেলাফত ও অসহযোগ আন্দোলনে চট্টগ্রামের প্রশংসনীয় ভূমিকা দেখে মহাত্মা গান্ধি বলেছিলেন "চিটাগাং টু দি ফোর" অর্থাৎ চট্টগ্রাম সবার আগে। মাস্টার দা সূর্য সেনের নেতৃত্বে চট্টগ্রাম বিদ্রোহ, ¯^াচার আইয়ুবের সামরিক আইন অমান্যের নজির স্থাপন করেছিলেন চট্টগ্রামের ছাত্র সমাজ। অন্যদিকে বঙ্গবন্ধু'র ছয় দফা প্রথম আনুষ্ঠানিক ঘোষণা চট্টগ্রাম থেকে এমনকি মহান মুক্তিযুদ্ধের প্রথম ঘোষণা বঙ্গবন্ধুর পক্ষে মরহুম এম এ হান্নান ¯^াধীন বাংলা বেতার কেন্দ্র থেকে ঘোষণা করেছিলেন। শুধু তাই নয় জননেতা আলহাজ¦ এ.বি.এম মহিউদ্দিন চৌধুরীর নেতৃত্বে চট্টগ্রাম থেকে প্রথম বিজয় মেলার সূচনা হয়। পরবর্তীতে এ বিজয় মেলা দেশের প্রত্যেক জেলা ও শহরে অনুষ্ঠিত হয়। আজ সারা বাংলাদেশে নতুন প্রজন্মের কাছে এই মেলা অনুপ্রেরনা ও উৎসব হয়ে উঠছে। তিনি আজ বুধবার বিকেলে চট্টগ্রাম আউটার স্টেডিয়ামে মুক্তিযুদ্ধের বিজয় মেলা পরিষদের উদ্যোগে পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।
বিজয় মেলা পরিষদের মহাসচিব মোহাম্মদ ইউনুছের সভাপতিত্বে পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর মহিলা আওয়ামী লীগ সভাপতি হাসিনা মহিউদ্দিন। বক্তব্য রাখেন-মুক্তিযোদ্ধা আলহাজ¦ বদিউল আলম, অমল মিত্র, মহিউদ্দিন রাশেদ, পান্টু লাল সাহা, এনামুল হক, আওয়ামী লীগ নেতা এডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী, চন্দন ধর, সৈয়দ মাহমুদুল হক, চসিক সংরক্ষিত কাউন্সিলর নিলু নাগ, আঞ্জুমান আরা প্রমুখ।
মেয়র আরো বলেন, ¯^াধীনতার পঞ্চাশ বছর বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে বিস্ময়কর সাফল্য অর্জন করেছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিষ্ঠা ও দূরদর্শিতার কারণে বাংলাদেশ আজ আন্তর্জাতিক পরিমণ্ডলে উন্নয়নের রোল মডেলে পরিণত হয়েছে। তাঁর নেতৃত্বের কারণেই মহামারি করোনা মোকাবেলা করতেও আমরা সক্ষম হয়েছি। তিনি করোনার নতুন ভাইরাস ওমিক্রন সম্পর্কে সর্তক থেকে

সরকারের বিধিবিধান অনুসরন করে সকলের প্রতি মেলায় অংশ গ্রহণ করার আহŸন জানান। পরে তিনি বেলুন উড়িয়ে পণ্য মেলার উদ্বোধন করেন ও স্টল পরিদর্শন করেন।

স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩